মেহেরপুরে বর্ণাঢ্য আয়োজনে আন্তর্জাতিক শ্রমিক দিবস পালিত

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক শ্রমিক দিবস। দিবসটি উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

আজ শুক্রবার সকালে জেলা প্রশাসনের উদ্যোগে একটি বর্ণাঢ্য র্যালি জেলা প্রশাসকের কার্যালয় থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম।

সভায় বক্তব্য দেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সীরাজুম মূনীর, সম্মিলিত পেশাজীবী পরিষদের সভাপতি আল আমিন বকুল, মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ও সাংগঠনিক সম্পাদক রমিজ উদ্দিনসহ অন্যান্যরা।

অন্যদিকে, মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের উদ্যোগে একটি বর্ণাঢ্য র্যালি পুরাতন বাসস্ট্যান্ড থেকে বের হয়ে ভূমি অফিস পাড়া প্রদক্ষিণ করে পুনরায় একই স্থানে এসে শেষ হয়। র্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আহসান হাবিব সোনা।

এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, কার্যকরী সভাপতি খন্দকার সাজু, যুগ্ম সম্পাদক এরশাদ আলী, সাংগঠনিক সম্পাদক রমিজ উদ্দিনসহ অন্যান্য নেতৃবৃন্দ।

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে এসএ

টিভির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে পালিত হয়েছে এসএ টিভির ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে আজ সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

এতে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মাহফুজুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, সাবেক সভাপতি এম রায়হান, সাবেক সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক রাজিব হাসান, এসএ টিভির ঝিনাইদহ প্রতিনিধি ফয়সাল আহমেদ, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, সেন্ট্রাল কেবল নেটওয়ার্কের পরিচালক ইসাহাক আলীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

অনুষ্ঠান পরিচালনা করেন, চ্যানেল টোয়েন্টিফোর’র স্টাফ রিপোর্টার সাদ্দাম হোসেন। বক্তারা দেশের প্রথম শ্রেণির স্যাটেলাইট টেলিভিশন এসএ টিভির উত্তরোত্তর সফলতা কামনা করেন। আলোচনা সভা শেষে কেক কেটে দিবসটি উদযাপন করা হয়।

মেহেরপুরে ৩ দিনব্যাপী ভূমি মেলার উদ্বোধন

সারা দেশের ন্যায় মেহেরপুরেও শুরু হয়েছে তিন দিনের ভূমি মেলা। আজ রবিবার (২৫ মে) সকাল সাড়ে নয়টায় জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালির মাধ্যমে মেলার সূচনা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা ভূমি অফিস চত্বরে গিয়ে শেষ হয়।

“নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করি, নিজের জমি সুরক্ষিত রাখি”

এই প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত এ মেলার মূল উদ্দেশ্য হচ্ছে জনগণকে ভূমি উন্নয়ন কর পরিশোধে উৎসাহিত করা এবং ভূমি সংক্রান্ত সেবা ও তথ্য প্রদান করা।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ। উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম।

জেলা প্রশাসন ও উপজেলা ভূমি অফিসের যৌথ উদ্যোগে আয়োজিত এ মেলায় ভূমি সংক্রান্ত বিভিন্ন তথ্যসেবা প্রদান, ডিজিটাল রেকর্ড যাচাই, অনলাইন খতিয়ান ও মৌজা ম্যাপ সংগ্রহ, নামজারি আবেদনসহ নানা সুবিধা প্রদান করা হচ্ছে। মেলাটি সাধারণ মানুষের ভূমি সংক্রান্ত জ্ঞান বাড়াতে এবং সেবা প্রাপ্তিকে সহজ ও স্বচ্ছ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে চাকরির মেলা

কারিগরী ও তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন নতুন ও অভিজ্ঞ প্রার্থীদের চাকরির সুযোগ করে দিতে ঝিনাইদহে দিনব্যাপী “জব ফেয়ার” শীর্ষক চাকরি মেলা ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৩০ এপ্রিল) সকাল ১০টায় ঝিনাইদহ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ক্যাম্পাসে ঝিনাইদহ চেম্বার অব কমার্সের সভাপতি মোয়াজ্জেম হোসেন এই মেলার উদ্বোধন করেন ।

এ সময় ঝিনাইদহ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ড. আনিচুর রহমান মৃধা, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ কাজল, মডার্ণ ফার্মাসিটিক্যালস’র প্রতিনিধি এবিএম জাহাঙ্গীর হোসেন, জিএম আলমগীর হোসেন, আইডিইবির সভাপতি ইয়াসিন আলী, শৈলকুপা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ সামায়ন হোসেন, ঝিনাইদহ

সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক হাদিউজ্জামান, আবু সাইদ, মনির হোসেন ও হুমায়ন কবীর, মনিরুজ্জামন উজ্জাল প্রমুখ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের ১১টি প্রতিষ্ঠান মেলায় অংশ গ্রহন করে। অংশগ্রহনকারী প্রতিষ্ঠানগুলো হচ্ছে, জোহান ড্রিম ভ্যালি, জোহান এগ্রো ফুড, সিও, সৃজনী ফাউন্ডেশন, ওয়ালটন, এফএনএফ ফার্মাসিউটিক্যালস, সার্ফ এগ্রো, ফ্রিডম অ্যাডভান্সমেন্ট, আয়ান এন্টার প্রাইজ ও ই-লানিং এন্ড আর্নিং।

সকাল থেকে মেলাপ্রাঙ্গণ ঘুরে দেখা যায়, চাকরিপ্রার্থীরা প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধিদের সঙ্গে কথা বলে সিভি জমা দিচ্ছেন। ই-মেইলে ও স্ক্যান করে সিভি নেওয়া হচ্ছে। চাকরিদাতা প্রতিষ্ঠানগুলো মোবাইল সার্ভিসিং, অটোমোবাইলম ফার্ম মেশিনারী, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, আইটি ও ওয়েব ডেভেলপমেন্ট পদের জন্য সিভি জমা দিচ্ছেন।

ঝিনাইদহ ছাড়াও আশপাসের জেলা ও গ্রাম থেকে শত শত শিক্ষিত যুবক এসেছেনএ মেলায়। সাধুহাটী থেকে আসা আজমুস সাকিব জানান, তিনি অনার্স পড়ছেন। পাশাপাশি চাকরির জন্য জন্য মেলায় এসেছেন। তিনটি প্রতিষ্ঠানে তিনি সিভি দিয়েছেন।

ঝিনাইদহ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ড. আনিচুর রহমান মৃধা জানান, প্রতিষ্ঠানটি কারিগরী শিক্ষার একটি মডেল হিসেবে গড়ে তোলা হচ্ছে, যাতে এখান থেকে শিক্ষা নিয়ে নিজে কর্ম করে পরিবারে সচ্ছলতা আনতে পারেন।

তিনি জানান, ১৯৬৫ সালে প্রতিষ্ঠিত এই প্রতিষ্ঠান থেকে প্রায় তিন’শ যুবক কারিগরী দক্ষতা অর্জন করে বিদেশে গেছেন। সম্প্রতি শিক্ষা বৃত্তি নিয়ে ৪০ জন চিনে গেছেন। ব্রিটিশ আমলে এখানে যে ওয়ার্কসপ প্রতিষ্ঠিত হয়েছে, তা অন্য কোথাও নেই বলেও অধ্যক্ষ জানান।
এদিকে সকাল থেকেই মেলায় চাকরিপ্রার্থীরা আসতে থাকেন। বেলা বাড়ার সাথে সাথে ভিড় বাড়তে থাকে মেলা প্রাঙ্গনে। মেলায় ১০/১২ হাজার চাকরিপ্রার্থী নিবন্ধন করতে পারেন বলে আয়োজকরা মনে করছেন।

এছাড়া মেলা আয়োজনের পাশাপাশি দুপুরে জর ফেয়ার সেমিনার অনুষ্ঠিত হয়। ঝিনাইদহ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ড. আনিচুর রহমান এর সভাপতিত্বে সেমিনারে প্রধান বক্তা হিসেবে

বক্তব্য রাখেন জোহান এ্যগ্রো ফুড প্রডাক্ট প্রাঃ লিঃ এর নির্বাহী পরিচালক মোয়াজ্জেম হোসেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ বিসিক এর ডেপুটি ম্যানেজার সেলিনা রহমান, আইডিইডি’র সভাপতি ইয়াসির আলী, ইন্সেটেকটর সামায়ন হোসেন, আ.স.ম আহসান উল্লাহ প্রমূখ।

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে নববর্ষ উদযাপন

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বাংলা নববর্ষ উদযাপিত হয়েছে।

পহেলা বৈশাখ সোমবার সকাল থেকে শহরের বিভিন্ন এলাকায় আনন্দ শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান, গ্রামীণ খেলাধুলা ও পান্তা- ইলিশের আয়োজনের মধ্য দিয়ে নতুন বছরকে বরণ করে নেয় প্রশাসন, স্থানীয়রা।

এদিন সকাল ৮ টায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর থেকে বের হয় আনন্দ শোভাযাত্রা। নানা রঙের ব্যানার, মুখোশ, ঢাক-ঢোল ও ঐতিহ্যবাহী বাংলার নানা প্রতীক নিয়ে হাজারো মানুষ অংশ নেয় এই শোভাযাত্রায়। এতে অংশ নেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল, পুলিশ সুপার মঞ্জুর মোর্শেদসহ সরকারি কর্মকর্তা, সাংস্কৃতিক কর্মী, শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ।

শোভাযাত্রা শেষে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে স্থানীয় শিল্পীদের পরিবেশনায় অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে লোকগান, নৃত্য, আবৃত্তি ও নাট্য পরিবেশনার মাধ্যমে বাংলার লোকজ সংস্কৃতিকে তুলে ধরা হয়।

এছাড়া সকাল ১০ টায় ঝিনাইদহে জেলা বিএনপির আয়োজনে উজির আলী স্কুল মাঠ থেকে একটি র্যালি বের করা হয় । র্যলিটি বিভিন্ন ধরনের ব্যানার, ফেষ্টুন, প্লাকার্ডসহ শহরের প্রধান প্রধান সড়ক

প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয় । র্যালিতে নেতৃত্ব দেন জেলা বিএনপির সভাপতি এমএ মজিদ । এ সময় আরো উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র সহ-সভাপতি কামাল আজাদ পান্নু, পৌর বিএনপির সভাপতি আব্দুল মজিদ বিশ্বাসসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সাংস্কৃতিক সংগঠন দিনব্যাপী নিজস্ব সাংস্কৃতিক পরিবেশনা আয়োজন করে।

মেহেরপুরে পবিত্র মাহে রমজান উপলক্ষে বর্ণাঢ্য র্যালি

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষে বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১ মার্চ) সকাল ১০টার দিকে মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়।

মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম. সিরাজুম মুনীরের নেতৃত্বে এ র্যালি অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার আমানউল্লাহ, ফিল্ড সুপারভাইজার তৌহিদুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেনার হাফেজ মাওলানা আব্দুল হামিদ, জেলা মডেল মসজিদের ইমাম মাওলানা মো. সাদিকুর রহমান, মাওলানা হাফিজুর রহমান, তরিকুল ইসলাম, খলিলুর রহমান, সজল, আব্দুল হামিদ, হাফেজ আব্দুল হাশেম, নাজমুল ইসলামসহ মুসল্লিরা।

মেহেরপুরে আইডিইবি’র ৫২তম প্রতিষ্ঠা বার্ষিকী ও গণপ্রকৌশল দিবস পালিত

বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে ইনস্টিটিউশন অব ডিপ্লোামা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি)’র ৫২তম প্রতিষ্ঠা বার্ষিকী ও গণপ্রকৌশল দিবস পালিত হয়েছে।

আজ মঙ্গলবার (৮ নভেম্বর) বেলা ১১ টার সময় মেহেরপুর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ জেলা শাখার উদ্যোগে এ আয়োজন করা হয়।

ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রকৌশলী নুরুল ইসলামের নেতৃত্বে একটি র্যালি মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের সামনে থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে সড়ক ও জনপদ বিভাগ প্রাঙ্গনে গিয়ে শেষ হয়।

পরে সড়ক ও জনপদ বিভাগ প্রাঙ্গনে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রকৌশলী নুরুল ইসলাম।

বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আনিসুজ্জামান বকুল, সড়ক ও জলপদ বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী মিজানুর রহমান, যুব উন্নয়ন দপ্তরের আমিনুল ইসলাম প্রমূখ।

মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক

দিবস পালন

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালন করা হয়েছে। দিবসটি পালন উপলক্ষে মেহেরপুরে জেলা প্রশাসন ও বিআরটিএ এর উদ্যোগে শনিবার সকালে এ আয়োজন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভুইয়ার নেতৃত্ব র্যালীটি জেলা প্রশাসনের কার্যলয় থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক ড.মুহাম্মদ মুনসুর আলম খান।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া, জেলা ট্রাফিক ইন্সপেক্টর ফেরদৌস হাসান, বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, জেলা ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এস এম আকিব প্রমুখ।

র্যালী ও আলোচনা সভায় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, এনডিসি গোলাম রাব্বানী, বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, জেলা নিরাপদ সড়ক চাই আন্দোলনের সহ-সভাপতি রশিদ হাসান খান আলোসহ বিভিন্ন সরকারী ও বেসরকারী অফিসের কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রনি খাতুন আলোচনা সভাটি সঞ্চালনা করেন।